

চলমান তীব্র তাপদাহে সবজি ফসলের গুরুত্বপূর্ণ ব্যবস্থাপনা

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এর তথ্যানুযায়ী আরো কিছুদিন তীব্র তাপদাহ অব্যাহত থাকতে পারে। এসময় বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা খুবই কম। এমতাবস্থায় সবজি চাষীদের জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো-

মাটির বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে কৃষকরা ০২ (দুই) ধরনের সবজি চাষ করে থাকেন।

ক) ফল জাতীয় সবজি: বেগুন, টমেটো, মরিচ, মিষ্টিমরিচ, লাউ, মিষ্টিকুমড়া, করলা, ঝিঞ্জা, চিচিঞ্জা, পটল, শশা এবং টেঁড়স ইত্যাদি - তে ৩-৪ দিন অন্তর সেচ প্রয়োগ করতে হবে।

খ) পাতা জাতীয় সবজি: ডাটা, লালশাক, পুইশাক, কলমী, লাউশাক ইত্যাদি - তে ২-৩ দিন অন্তর সেচ প্রয়োগ করতে হবে।

- প্লাবন পদ্ধতিতে সেচ প্রদান করা উত্তম। তাপদাহ কমলেও সবজি গাছের ফল সংগ্রহ শেষ হওয়া পর্যন্ত ৫-৭ দিন অন্তর সেচ অব্যাহত রাখা প্রয়োজন, এতে ফলন বৃদ্ধি পাবে।
- মাটিতে পর্যাপ্ত রস ধরে রাখার জন্য সেচের পর গাছের গোড়ায় মালচিং করা জরুরী। উল্লেখ্য, পশ্চিম-উত্তর অঞ্চলে অর্থাৎ যেখানে পানির তীব্র সংকট সেখানে অবশ্যই সেচের পর সময়মত মালচিং এর ব্যবস্থা করতে হবে। মালচিং এর ক্ষেত্রে কচুরীপানা, খড়, গাছের পাতা অথবা আগাছা ইত্যাদি গাছের গোড়া থেকে একটু দূরে ব্যবহার করতে হবে।
- জৈব সারের পানি ধারণ ক্ষমতা বেশি, সেজন্য জৈব সার প্রয়োগ করতে হবে এবং গাছে পুষ্টি কম থাকলে গাছের প্রয়োজন মত সংশ্লিষ্ট পুষ্টি উপাদান (ইউরিয়া, এমওপি, বোরন, জিংক) মাটির সাথে ভালোভাবে মিশিয়ে তারপর সেচ দিতে হবে।
- যে সকল অঞ্চলে (পশ্চিম-উত্তর) তীব্র পানি সংকট ও তাপদাহ সেখানে গাছে সকালে অথবা বিকেলে পানি স্প্রে করা যেতে পারে।
- রোগ ও পোকামাকড় দমনের জন্য বালাইনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োজন অনুযায়ী ৭-১০ দিন বিরতিতে স্প্রে অব্যাহত রাখতে হবে। উল্লেখ্য, যেসব সবজিতে সকালে ফুল ফুটে সেগুলোতে বিকেলে এবং যেসব সবজিতে বিকেলে ফুল ফুটে সেগুলোতে সকালে স্প্রে করতে হবে।

সবজি বিভাগ

উদ্যানতন্ত্র গবেষণা কেন্দ্র

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট

গাজীপুর-১৭০১

ওয়েব সাইটঃ www.bari.gov.bd